

৭৩ নং

তাল—একতালা

মধুর হরিনামে হ'লো না রুচি ।

এ ছার পাপ রসনা, সে'ত বসে আছে না

কিসে দূরে যাবে অশুচি ॥

- ১। হরি সংকীর্ণনে, মধুর নাম খুয়ে
মন মজে থাকে, তালে মানে ।
খেয়ে গাজার নেশা, হয়ে বিদিশা, কত তালে বেতালে নাচি ॥
- ২। পাপী রত্নাকরে, মরাছিলে নাম শিখালে যত্ন করে ।
আমি তা' হতে অধম, হরি নাম নিতে বিষম,
কেন হ'লেম যমের অরুচি ॥
- ৩। হরি করুণাধাম, তোমার কৃপা, হ'লে বলতে পারে
বোবায় হরিনাম ॥
ছিল জগা-মাধা, মারিল কলসির কাঁধা,
তবু নামে প্রেম দিলে যাচি ॥
- ৪। বলে রসিক দীন হীন সারা জনম ভরে, নামের নেশা
হ'ল না একদিন ।
আমার দাদা অনুপম বুঝি হইয়াছে বাম,
বন্ধন দিল মায়া পিশাচী ॥
—রসিক বালা



৭৪ নং

তাল—একতালা

এই পাতকীরে গুরু তোমার কতই করুণা ।

কত যে করুণা তোমার বর্ণিতে কেউ পারে না ॥